

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(শুল্ক ও মূল্য সংযোজন কর)

প্রজ্ঞাপন

তারিখ : ২৮ জৈষ্ঠ, ১৪১৬ বঙ্গাব্দ/১১ জুন, ২০০৯ খ্রিস্টাব্দ।

এস.আর.ও নং ১৪৬-আইন/২০০৯/২২৪৯/শুল্ক।- Customs Act, 1969 (IV of 1969) এর section 19 এবং মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪(১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, জনস্বার্থে, নিম্নবর্ণিত পণ্যসমূহকে, আমদানির ক্ষেত্রে, উহাদের উপর আরোপনীয় সমুদয় আমদানি শুল্ক, মূল্য সংযোজন কর ও সম্পদ কর শুল্ক (যদি থাকে), অনুচ্ছেদ ০২-এ বর্ণিত শর্তাবলী সাপেক্ষে, মওকুফ করিল, যথাঃ-

বাংলাদেশে খনিজ তৈল ও গ্যাস অনুসন্ধান, উত্তোলন ও উৎপাদন কার্যক্রম পরিচালনার উদ্দেশ্যে বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা) এর অধীন বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স), বাংলাদেশ গ্যাস ফিল্ডস কোম্পানী লিঃ (বিজিএফসিএল) এবং সিলেট গ্যাস ফিল্ডস কোম্পানী লিঃ (এসজিএফএল) কর্তৃক-

(ক) স্থায়ীভাবে আমদানিকৃত যন্ত্রপাতি ও যন্ত্রাংশ; এবং

(খ) পুনঃস্থাপনের শর্তে সাময়িকভাবে আমদানিকৃত ড্রিলিং, ডাইরেকশনাল ড্রিলিং, ওয়ার্কওভার, মাডলগিং, মাড ইঞ্জিনিয়ারিং, ওয়ারলাইন লগিং, সিমেন্টেশন, ওয়েল টেস্টিং (প্রডাকশন), ডিএসটি, কয়েল টিউবিং, স্লাবিং এবং সাইসমিক/গ্রাভিটি/ম্যাগনেটিক/এ্যারোম্যাগনেটিক সার্ভিসেস এর যন্ত্রপাতি।

০২। শর্তসমূহ :

(ক) আমদানিকৃত যন্ত্রপাতি ও যন্ত্রাংশ কেবল তৈল ও গ্যাস অনুসন্ধান, উত্তোলন ও উৎপাদন কাজে ব্যবহৃত হইবে মর্মে বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগের ন্যূনতম যুগ্ম-সচিব পদ মর্যাদার কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চালান ওয়ারী প্রত্যয়ন পত্র দাখিল করিতে হইবে;

(খ) রেয়াত প্রাপ্ত যন্ত্রপাতি, যন্ত্রাংশ ও অন্যান্য পণ্য এই প্রজ্ঞাপন এর উদ্দেশ্য ব্যতীত অন্যকোন উদ্দেশ্যে ব্যবহৃত হইলে, আমদানিকারক শুল্ক কর্তৃপক্ষের গৃহীত আইনানুগ

যে কোন ব্যবস্থা মানিয়া লাইতে বাধ্য থাকিবেন মর্মে একটি অংগীকারনামা আমদানিকৃত দ্রব্য খালাসের সময় সংশ্লিষ্ট কমিশনারের বরাবর দাখিল করিবেন;

(গ) অনুচ্ছেদ ১ এর দফা (খ) এর অধীন আমদানিকৃত যন্ত্রপাতি, যন্ত্রাংশ ও অন্যান্য পণ্য নির্দিষ্ট মেয়াদ শেষে পুনঃরপ্তানি করিতে ব্যর্থ হইলে প্রযোজ্য সমুদয় আমদানি শুল্ক, মূল্য সংযোজন কর এবং সম্মত কর শুল্ক (প্রযোজ্য ক্ষেত্রে) পরিশোধ করা হইবে মর্মে জ্বালানী ও খনিজ সম্মত বিভাগের যুগ্ম-সচিব পদ মর্যাদার নিম্নে নহেন একজন কর্মকর্তা এবং আমদানিকারক কর্তৃক যৌথ অংগীকারনামা পণ্য খালাসের পূর্বেই কাস্টমস্ হাউস/স্টেশনে দাখিল করিতে হইবে :

তবে শর্ত থাকে যে,

(অ) পুনঃরপ্তানির শর্তে সাময়িকভাবে আমদানিকৃত যে সকল যন্ত্রপাতি বা যন্ত্রাংশ ব্যবহারের ফলে সম্মত কর শুল্ক (প্রযোজ্য ক্ষেত্রে) বা ব্যবহারের অযোগ্য হইয়া যাইবে, উহাদের তালিকা ও প্রকৃত পরিমাণ সম্মত কর শুল্ক (প্রযোজ্য ক্ষেত্রে) পেট্রোবাংলার প্রত্যয়নপত্র সংশ্লিষ্ট শুল্ক কর্তৃপক্ষের নিকট প্রেরণ করিতে হইবে, এই ধরনের যন্ত্রপাতি ও যন্ত্রাংশের জন্য শুল্ক ও কর পরিশোধ করিতে হইবে না এবং এর তালিকা জাতীয় রাজস্ব বোর্ড ও সংশ্লিষ্ট কমিশনার অব কাস্টমস্ এর নিকট দাখিল করিতে হইবে;

(আ) কোন যন্ত্রপাতি ভাংগিয়া বা ব্যবহারের সম্মত কর শুল্ক (প্রযোজ্য ক্ষেত্রে) হইলে পেট্রোবাংলার মাধ্যমে তিন মাসের মধ্যে শুল্ক কর্তৃপক্ষের নিকট উহা জমা দিতে হইবে এবং এই ধরনের জমাকৃত যন্ত্রপাতির জন্য কোন শুল্ক ও কর প্রদান করিতে হইবে না, জমাকৃত ভগ্ন যন্ত্রপাতি স্বেচ্ছাচিন্তিত হিসাবে প্রচলিত নিয়মে নিলাম করা হইবে এবং বিক্রয়লব্ধ সমুদয় অর্থ সরকারী কোষাগারে জমা করিতে হইবে;

(ই) আমদানিকৃত সকল প্রকার মালামাল, যন্ত্রপাতি ও যন্ত্রাংশের একটি তালিকা প্রতি আর্থিক বৎসর শেষে অর্থাৎ ৩১শে জুলাই তারিখের মধ্যে পেট্রোবাংলা বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্মত বিভাগের মাধ্যমে জাতীয় রাজস্ব বোর্ডে প্রেরণ করিতে করিবে।

০৩। তৈল ও গ্যাস অনুসন্ধান, উত্তোলন ও উৎপাদনের সাথে সরাসরি সম্মত কর শুল্ক নয় এরূপ কোন পণ্য, যথাঃ-অফিস সরঞ্জামাদি, এয়ারকন্ডিশনার, রেফ্রিজারেটর, (কোন যন্ত্রপাতির সাথে built-in অবস্থায় আমদানি ব্যতীত) কার, পিক-আপ, জীপ, স্টেশন ওয়াগন, মাইক্রোবাস, গৃহস্থালী-ব্যবহার্য দ্রব্যাদি এবং অনুরূপ অন্যান্য পণ্য এই প্রজ্ঞাপনের অধীন রেয়াত প্রাপ্ত হইবে না।

০৪। এই প্রজ্ঞাপনের আওতায় রেয়াতপ্রাপ্ত আমদানিকৃত কোন প্রকার যন্ত্রপাতি, যন্ত্রাংশ ও পণ্য জাতীয় রাজস্ব বোর্ডের অনুমতি ব্যতিরেকে বিক্রয় বা হস্তান্তর করা যাইবে না।

০৫। এই প্রজ্ঞাপনের অধীন রেয়াত প্রাপ্ত আমদানিকারক অভ্যন্তরীণ সম্পদ বিভাগ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপন এস, আর, ও নং-১০৫-আইন/৯৯/১৭৮৪/শুক্র, তারিখ-২৩/০৫/১৯৯৯ এর সুবিধা প্রাপ্য হইবেন না।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(হুসেইন আহমেদ)
অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)।